

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 18-07-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Panchayet Election :

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আজ মনোনয়নপত্র জমা দেবার শেষ দিন। মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে আগামীকাল। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২২শে জুলাই। ভোট নেওয়া হবে আগামী ৮ই আগস্ট। গত মঙ্গলবার পর্যন্ত ত্রিস্তর পঞ্চায়েতে বিভিন্ন দলের মোট ৬ হাজার ৯৪২টি মনোনয়নপত্র জমা পড়ে। এরমধ্যে গ্রাম পঞ্চায়েতের জন্য মোট ৬ হাজার ১০১টি, পঞ্চায়েত সমিতির নির্বাচনে ৫৪৫টি এবং জিলা পরিষদ নির্বাচনে এখন পর্যন্ত ২৯৬টি মনোনয়ন জমা পড়েছে।

Make in India :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিশ্বব্যাপী অর্থনৈতিক উন্নতির জন্য 'মেক ইন ইন্ডিয়া' সাফল্যের প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে 'মেক ইন ইন্ডিয়া' ভারতের অর্থনীতিকে কিভাবে বিশ্ব মঞ্চে নিয়ে গেছে, সেই বিষয়টি তুলে ধরেন। তিনি বলেন, ভারতীয় এই উদ্যোগ বিশ্বব্যাপী গ্রহণযোগ্য হয়ে উঠছে। যুক্তরাজ্য, জার্মানি এবং নেদারল্যান্ডে রপ্তানি বাড়ছে। এই বৃদ্ধি আন্তর্জাতিক বাজারে ভারতের ক্রমবর্ধমান প্রভাবকে তুলে ধরেছে।

প্রধানমন্ত্রী বলেন বিশ্বের একাধিক দেশ ভারতের UPI সিস্টেম গ্রহণ করেছে। ভারত ও রাশিয়ার যৌথ উদ্যোগের ব্রহ্মোস ক্ষেপণাস্ত্রের কথাও উল্লেখ করেন তিনি।

TSECL Meeting:

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ গতকাল বিদ্যুৎ নিগমের সব জেলার দায়িত্বপ্রাপ্ত এজিএম-সহ নিগমের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হন। বিদ্যুৎ পরিষেবার বর্তমান পরিস্থিতি নিয়ে পর্যালোচনা করতে নিগমের কর্পোরেট কার্যালয়ে এই বৈঠক হয়। মন্ত্রী শ্রী নাথ জানান, নিরন্তর বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দিতে বৈঠকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়। তিনি আরও জানান, বিদ্যুতের যেকোনো ধরনের ত্রুটি সারাই-এর জন্য অতিরিক্ত লোকবল এবং প্রয়োজনীয় গাড়ি-সহ সমস্ত বিষয়ে প্রস্তুত থাকার জন্য কর্মকর্তাদের আরো সক্রিয় ভূমিকা নিতে নির্দেশ দেওয়া হয়েছে।

JP Nadra :

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎপ্রকাশ নাড্ডা গতকাল নতুনদিল্লিতে সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন-এর আধিকারিকদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এই মাসের শুরুর দিকে শ্রী নাড্ডা জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আয়ুষ্স্বান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা-PMJAY এবং আয়ুষ্স্বান ভারত ডিজিটাল মিশনের কাজকর্মের পর্যালোচনাও করেছেন।

Kharchi Utsab :

খার্চি পুজো ও উৎসবের গতকাল ছিল চতুর্থ দিন। গতকাল কৃষ্ণমালা মঞ্চ রাজ্যের বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা ও বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ভক্তিমূলক সমবেত সংগীত ও সমবেত লোকনৃত্য পরিবেশন করেন। পূর্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্রের ১৮ জন বাউল শিল্পীও সংগীত পরিবেশন করেন।

বিকালে হাবেলী মুক্ত মঞ্চে অনুষ্ঠিত শিশু উৎসবে শতাধিক শিশু অংশগ্রহণ করে। গতকাল ছুটির দিন হওয়াতে সকাল থেকেই মেলায় ভিড় ছিল। সন্ধ্যায় থেকেই জনসমাগম বাড়তে থাকে।

Dengue-Sepahijala :

সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জের বিভিন্ন এলাকায় ফের ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। গত শুক্রবার জ্বর ও মাথা ব্যথা নিয়ে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি হয় বিশ্রামগঞ্জ, বড়জলা, চিকনছড়া, রামনগর, পদ্মনগর, দাড়িয়াখল প্রভৃতি এলাকার বেশ কয়েকজন রোগী। বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত ডাক্তার সংগীতা চৌধুরী জানান, গতকাল এলাইজা টেস্টে ১২ জন রোগীর শরীরে ডেঙ্গুর জীবাণু ধরা পড়ে। তাদের মধ্যে ১০ জনই বর্তমানে সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন। গত দু'দিনে জ্বর নিয়ে এই হাসপাতালটিতে নুতন করে ভর্তি হওয়া আরো ৫ জন রোগীর দেহে এন্টিজেন টেস্টে ডেঙ্গুর উপস্থিতি ধরা পড়ে।

Gandatwisa :

গন্ডাতুইসা মহকুমার পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিকের দিকে এগুচ্ছে। আগামী এক দুই দিনের মধ্যে পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক ছন্দে ফিরে আসবে বলে জানিয়েছেন, ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ। তিনি জানান, পরমেশ্বর রিয়াং হত্যাকাণ্ডে এখনো পর্যন্ত পুলিশ চারজনকে গ্রেফতার করেছে। এর পরবর্তী পর্যায়ে যে সমস্ত বিক্ষিপ্ত ঘটনা ঘটেছে সেগুলির তদন্ত চলছে পর্যায়ক্রমিকভাবে। বেশ কিছু ঘটনায় কিছু বাড়িঘর এবং দোকানপাটের ক্ষয়ক্ষতি হয়েছে এ বিষয়ে রাজ্য সরকারের তরফ থেকে ১ কোটি ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে সংশ্লিষ্ট পরিবারগুলিকে।

Legal Awareness Workshop :

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে গতকাল এক আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে “সরকারি অফিসে দুর্নীতি ও অপশাসনের বিরুদ্ধে ত্রিপুরা লোকায়ুক্তের ভূমিকা”-শীর্ষক আলোচনাচক্রের উদ্বোধন করেন রাজ্যের তৃতীয় লোকায়ুক্ত কল্যাণ নারায়ণ ভট্টাচার্য। লোকায়ুক্ত শ্রী ভট্টাচার্য ত্রিপুরার লোকায়ুক্ত কার্যালয় কি ধরণের কাজ করে সে বিষয়ে উপস্থিত স্কুল-কলেজের ছাত্রছাত্রী ও এলাকাবাসীর সামনে বিস্তারিত উল্লেখ করেন। বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিলচন্দ্র গোপ প্রমুখ এই আলোচনায় অংশ গ্রহণ করেন।

AIMS-New Delhi :

নতুন দিল্লির এইমস্-এর একটি গবেষণা থেকে দেখা গেছে রিউমাটয়েড আর্থারাইটিস বা সন্ধিবাত-এ আক্রান্তরা যোগ ব্যায়ামের মাধ্যমে উপকৃত হতে পারেন। সন্ধিবাত একটি দীর্ঘমেয়াদী অটোইমিউন অসুখ। এর কারণে শরীরের বিভিন্ন জয়েন্টে ব্যাথা অনুভূত হয়। ফলস্বরূপ ফুসফুস, হৃদপিণ্ড এবং মস্তিষ্কেও নেতিবাচক প্রভাব পড়ে।

Third Division League :

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতকাল অনুষ্ঠিত দুটি খেলায় কেশব সংঘ ও সরোজ সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় কেশব সংঘ ৩-২ গোলে ইয়ুথ ক্লাবকে এবং একই মাঠে অপর খেলায় সরোজ সংঘ ৪-০ গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে পরাজিত করে।
